

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।
www.hcu.org.bd

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে হাইড্রোকার্বন ইউনিট -এর নৈতিকতা কমিটির প্রথম সভার কার্যবিবরণী।

সভাপতি : মেহেদী হাসান, উপ-পরিচালক, হাইড্রোকার্বন ইউনিট
সভার তারিখ : ১৯-০৯-২০১৯
সময় : বিকাল ৩ : ০০ ঘটিকা
স্থান : হাইড্রোকার্বন ইউনিট, মিনি কনফারেন্স রুম

সভায় উপস্থিত সদস্যগণঃ

ক) জনাব শিহাব মাহমুদ, সহকারি পরিচালক (রিজার্ভার ও উৎপাদন), সদস্য, নৈতিকতা কমিটি
খ) জনাব দেবব্রত দাস, সহকারি পরিচালক (প্রশাসন ও হিসাব) সদস্য-সচিব, নৈতিকতা কমিটি


২. আলোচনাঃ

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভার সূচনা বক্তব্যে তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০২০ অর্থ বছরের প্রথম কোয়ার্টারে বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে জানতে চান। সভায় কমিটির সদস্য-সচিব জনাব দেবব্রত দাস, সহকারি পরিচালক (প্রশাসন ও হিসাব) জানান যে অত্র অফিসের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০২০ অর্থ বছরের প্রথম কোয়ার্টারে বাস্তবায়নের অগ্রগতি সন্তোষজনক। তারপর সভাপতি অত্র অফিসের সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ ওয়েব সাইটে সংযোজন করা, শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করা, বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার- এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ, জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা ও প্রদান) বিধিমালা, ২০১৭-এর বিধি ৪ অনুসারে “ডেজিগনেটেড অফিসার” নিয়োগ, পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা প্রনয়ণ এবং ডিজিটাল হাজিরা মেশিন স্থাপন করার বিষয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান করেন। পরিশেষে, সভাপতি শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩. সিদ্ধান্তঃ

ক) অত্র অফিসের উত্তম চর্চার তালিকা প্রণয়ণ করে আগামি ২০ অক্টোবর ২০১৯ তারিখের মধ্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
খ) অত্র অফিসের শাখা-অধিশাখা পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
গ) সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণী বিন্যাসকরণ এবং শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
ঘ) অত্র অফিসের দুর্নীতি প্রতিরোধের স্লোগান সমৃদ্ধ প্ল্যাকার্ড বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভায় আর কোন বিষয় না থাকায় কমিটির সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।


(মেহেদী হাসান)

সভাপতি

নৈতিকতা কমিটি
হাইড্রোকার্বন ইউনিট।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। প্রশাসন ও অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অফিস কপি

২০১৬/১৫
[Signature]
[Stamp]